# গুগল প-াসের কার্যকর ৫ গুগল ক্রোম এক্সটেনশন

মো: আমিনুল ইসলাম সজীব

সব জল্পনা-কল্পনা ও প্রতীক্ষার অবসান ঘটিয়ে সম্প্রতি সোশ্যাল নেটওয়ার্কিং জগতে নিজেদের স্থান করে নিতে সার্চ জায়ান্ট গুগল নিয়ে আসে গুগল প-াস। দীর্ঘদিন ধরেই প্রযুক্তিবিশ্বে নানা গুজব চলছিল, ফেসবুকের সাথে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করার জন্য গুগল তৈরি করছে নতুন কোনো সোশ্যাল নেটওয়ার্কিং সাইট। প্রাথমিকভাবে এই সাইটের নাম গুগল মি হবে বলে ধারণা করা হলেও হঠাৎ করেই মুক্তি পাওয়া এই নেটওয়ার্কের নাম দেয়া হয় গুগল প-াস।

প্রাথমিকভাবে গুগল প-াস সীমিত আকারে ছাড়া হয়। অর্থাৎ যেকেউ চাইলে গুগল প-াস ব্যবহার করতে পারবেন না। প্রথমে গুগল নির্দিষ্ট কিছু ব্যবহারকারীকে পরীক্ষামূলক সংস্করণটি ব্যবহারের জন্য আমন্ত্রণ জানিয়েছে। তারপর সেই ব্যবহারকারীরা তাদের বন্ধুদের আমন্ত্রণ জানানোর মাধ্যমে গুগল প-াসের নেটওয়ার্ক সমৃদ্ধ করে তুলেছেন। সর্বশেষ তথ্য অনুসারে গুগল প-াসে এই মুহূর্তে প্রায় ২ কোটি ব্যবহারকারী রয়েছেন। এসব ব্যবহারকারী নিয়েই গুগল প-াস তাদের পরীক্ষামূলক কার্যক্রম চালাচ্ছে। এই মুহূর্তে গুগল প-াসের আমন্ত্রণ পাঠানোর সুবিধাটিও বন্ধ রয়েছে।

অন্যান্য দেশের পাশাপাশি বাংলাদেশেও রয়েছে গুগল প-াসের প্রচুর ব্যবহারকারী যদিও গুগল প-াস এখনো অপরিণত একটি সাইট। পরীক্ষামূলক হওয়ার কারণে অনেক সুযোগ-সুবিধাই সাইটটিতে এখনো যুক্ত করা হয়নি। ডেভেলপাররা ঠিকই গুগল প-াসকে আরও সহজভাবে কাজ করার উপযোগী করে নিতে তৈরি করে ফেলেছেন ব্রাউজার এক্সটেনশন। গুগল ক্রোম ব্রাউজার ব্যবহার করে এসব এক্সটেনশনের মাধ্যমে গুগল প-াসে বাড়তি কিছু সুবিধা ভোগ করতে পারবেন। আসুন জেনে নেয়া যাক তেমনই পাঁচটি গুগল ক্রোম এক্সটেনশনের কথা। গুলো আপনার গুগল ক্রোম এক্সপেরিয়েন্সকে আরও সহজ ও সমৃদ্ধ করে দিতে প্রস্তুত।

## এক্সটেন্ডেড শেয়ার

গুগল প-াসের অন্যতম একটি সুবিধা হচ্ছে 'পাবলিক' সার্কেলে প্রকাশিত যেকোনো পোস্ট (স্ট্যাটাস, লিঙ্ক, ছবি বা ভিডিও) যেকেউ শেয়ার করতে পারেন। এভাবে একটি মাত্র পোস্ট গুগল প-াসের সব ব্যবহারকারীর হোমপেজেও প্রদর্শিত হতে পারে। কিন্তু গুগল প-াসে পোস্টগুলোর নিচের শেয়ার বাটনে ক্লিক করলে আপনি শুধু গুগল প-াসেই শেয়ার করার সুবিধা পাবেন। যদি কোনো ভিডিও বা ছবি গুগল প-াসের বাইরে অন্য কোনো নেটওয়ার্কে, যেমন- ফেসবুক, টুইটার বা লিঙ্কডইনে শেয়ার করতে চান, তখন পুরো লিঙ্ক কপি পেস্ট করা ছাড়া আর কোনো উপায় নেই।

আপনাকে সেই ঝামেলা থেকে মুক্তি দেবে 'এক্সটেন্ডেড শেয়ার ফর গুগল প-াস' নামের গুগল ক্রোম এক্সটেনশনটি। এটি কার্যকর থাকা অবস্থায় গুগল প-াসের যেকোনো পোস্টে শেয়ার বাটনে ক্লিক করলে একটি ইন্টারনাল বাবল দেখা যাবে। সেখান থেকে অন্যান্য নেটওয়ার্কেও পোস্টটি শেয়ার করার সুবিধা পাবেন।



এক্সটেনশনটির ইনস্টল লিঙ্ক : https://chrome.google.com/webstore/detail/ oenpjldbckebacipkfbeoppmiflginib

## অ্যানহ্যান্সড টুলবার ফর গুগল প্রোডাক্টস

গুগল প-াসের অনেক বৈশিষ্ট্যের মধ্যে অন্যতম হলো যেকোনো গুগল পেজ থেকেই গুগল প-াসের নোটিফিকেশন পেতে পারেন এবং পোস্ট শেয়ার, ছবি বা ভিডিও আপলোড করতে পারবেন। এর ফলে ফেসবুকের মতো আলাদা কোনো ট্যাব বা উইন্ডো খোলা রাখতে হবে না। সাধারণত জিমেইল ব্যবহারকারীরা সবসময়ই জি-মেইল খোলা রাখেন। তাদের সেই জি-মেইলের ট্যাবই গুগল প-াসের কাজ করতে পারবে। কিন্তু আপনি যদি আরো বেশি সুবিধা চান- যেমন পেজের নিচে নামার সময় বা স্ক্রলডাউন করার সময় যদি গুগল প-াসের টুলবারটি দৃশ্যমান রাখতে চান, তাহলে এই এক্সটেনশনটি বেশ কাজে আসবে। এর মাধ্যমে পেজের যেখানেই থাকুন না কেন, পর্দার উপরে গুগল প-াসসহ গুগলের অন্যান্য সেবার লিঙ্কযুক্ত টুলবারটি দৃশ্যমান থাকবে।

এক্সটেনশনটির ইনস্টল লিঙ্ক : https://chrome.google.com/webstore/detail/ dgnpdoklbnpgoogifmfnmdhecokajol

## ইউজেবিলিটি বুস্ট

গুগল প-াসের হোমপেজ কিংবা কারো প্রোফাইলে গেলে বিরতিহীনভাবে সব পোস্ট দেখলে একটু অগোছালো মনে হতেই পারে। আপনার যদি এমনই মনে হয়, তাহলে ইউজেবিলিটি বুস্ট এক্সটেনশনটি গুগল প-াসের চেহারায় কিছুটা পরিবর্তন আনতে পারে। এই এক্সটেনশনটি অ্যাক্টিভ করলে প্রতিটি পোস্টের মাঝে রঙের পরিবর্তন চোখে পড়বে, যাকে করে সম্পূর্ণ গুগল প-াস হোমপেজের চেহারায় আসবে পরিবর্তন। এক্সটেনশনটির ইনস্টল লিঙ্ক : https://chrome.google.com/webstore/detail/dkeppeocablbakkaboahjmljpodddkep

## জি প-াস এক্সটেন্ডেড

অতি দ্রুত কাজ করতে কীবোর্ডের কোনো বিকল্প নেই। যারা কীবোর্ড দিয়ে সব কাজ করতে অভ্যস্ত, তাদের জন্যই বিভিন্ন প্রোগ্রাম বা অ্যাপি-কেশনে কীবোর্ড শর্টকাট দেয়া থাকে। গুগলও তাদের প্রায় সব ওয়েব অ্যাপি-কেশনেই কীবোর্ড শর্টকাট দিয়ে রেখেছে। জি-মেইল থেকে শুরু করে গুগল রিডার পর্যন্ত বেশিরভাগ সাইটেই বিভিন্ন কীবোর্ড শর্টকাট কাজ করে। কিন্তু এখনো গুগল প-াসের জন্য কোনো কীবোর্ড শর্টকাট তৈরি করেনি গুগল।

ডেভেলপাররা গুগল ক্রোমের জন্য জি প-াস এক্সটেন্ডেড নামের দারুণ এই এক্সটেনশনটি তৈরি করেছেন, যার মাধ্যমে বেশ কিছু সাধারণ কাজ মাউস ছাড়াই কীবোর্ড থেকে করা যায়। এই শর্টকাটগুলো নিম্নরূপ :

* কোনো পোস্টে +১ দিতে + চাপতে হবে।
* কোনো পোস্ট থেকে +১ মুছে ফেলতে- (মাইনাস বা হাইফেন) চাপতে হবে।
* আপনার পোস্টে +১ দেয়া যাবে কি না, তা ঠিক করতে কীবোর্ড থেকে p চাপতে হবে।
* কোনো পোস্ট শেয়ার করতে s চাপতে হবে।
* কোনো পোস্টে অনেক কমেন্ট থাকলে পূর্ববর্তী কমেন্টগুলো দেখতে e চাপতে হবে।

এক্সটেনশনটির ডাউনলোড লিঙ্ক : https://chrome.google.com/webstore/detail/ nafbdgpajdhkjnacafkboodleapnpjbg

## প-াস ফটো জুম

গুগল প-াসে ছবি শেয়ার করার সুবিধা যে আছে, তা সবাই জানেন। কিন্তু এতে, ছবি খুলতে বেশ সময় নেয়। ফেসবুকের যেমন কোনো ছবিতে ক্লিক করলে থিয়েটার ওপেন হয়, গুগল প-াসেও তেমনি কোনো ছবিতে ক্লিক করলে স-াইড শো ওপেন হয়। এই কাজে ব্যবহার হওয়া স্ক্রিপ্ট বেশ জটিল বলে মোটামুটি গতির কম্পিউটারেও বেশ খানিকটা সময় নেয় ছবি ওপেন হতে। যারা এই সমস্যায় ক্লান্ত, তাদের জন্যই রয়েছে গুগল ক্রোমের প-াস (+) ফটো জুম এক্সটেনশন।

এই এক্সটেনশনটি আপনার গুগল ক্রোম ব্রাউজারে চালু থাকা অবস্থায় গুগল প-াসের যেকোনো ছবির ওপর কার্সর রাখলেই ছবিটি বড় আকারে দেখা যাবে। এতে করে আপনার সময় ও ব্যান্ডউইডথ দুই-ই বাঁচবে। এক্সটেনশনটির ডাউনলোড লিঙ্ক : https://chrome.google.com/webstore/detail/njoglkofoegopmdfjnbifnicbickhola

গুগল প-াস যখন পরীক্ষামূলকের গণ্ডি ছাড়িয়ে পূর্ণ আকারে আত্মপ্রকাশ করবে, তখন হয়তো আরো অবাক করা সব সুবিধা দেখা যাবে। কিন্তু যতদিন পর্যন্ত তা না হচ্ছে, ততদিন আপনার গুগল প-াস ব্যবহারের অভিজ্ঞতাকে আরও দারুণ ও উপভোগ্য করে তুলতে উপরের পাঁচটি এক্সটেনশন ব্যবহার করে দেখতে পারেন।

ফিডব্যাক : sajib@aisjournal.com